


# জ্বালানিসংকট মোকাবিলায় স্কুল-কলেজে ফিরছে অনলাইন ক্লাস, চূড়ান্ত সিদ্ধান্ত আজ


ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ০২ এপ্রিল ২০২৬, ০৮:৪৩



অনলাইনে ক্লাস নিচ্ছেন একজন শিক্ষক। ফাইল ফটো

দীর্ঘ ছুটির আমেজ কাটতে না কাটতেই দেশের শিক্ষাব্যবস্থায় আবারও ফিরতে পারে অনলাইন ক্লাসে। তবে এবার কোনো মহামারি নয়, বরং মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতির কারণে সৃষ্ট বৈশ্বিক জ্বালানিসংকট মোকাবিলায় এই পদক্ষেপ নিতে যাচ্ছে শিক্ষা মন্ত্রণালয়।

 [দৈনিক ইন্ডোফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন গত মঙ্গলবার জানিয়েছেন, বিষয়টি নিয়ে নীতিগত আলোচনা সম্পন্ন হয়েছে। বৃহস্পতিবার (২ এপ্রিল) মন্ত্রিসভার বৈঠকে এই প্রস্তাবটি উত্থাপনের কথা রয়েছে।

শিক্ষামন্ত্রী বলেন, ‘রোজার ছুটি, বিভিন্ন আন্দোলনসহ নানা কারণে কিছু ক্লাস কম হয়েছে। এ কারণে সপ্তাহে ৬ দিন ক্লাস চালু রাখতে চায় সরকার। আগামী বৃহস্পতিবারের মন্ত্রিসভা বৈঠকে এ বিষয়ে বিস্তারিত আলোচনা হবে এবং সেখানেই চূড়ান্ত সিদ্ধান্ত আসতে পারে।’

তিনি আরও বলেন, ‘প্রাথমিকভাবে স্কুল পর্যায়ে এ পদ্ধতি চালুর বিষয়ে বেশি গুরুত্ব দেওয়া হলেও কলেজ পর্যায়েও তা প্রযোজ্য হতে পারে কিনা, সে বিষয়েও আলোচনা চলছে। তবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে আপাতত ভিন্ন ব্যবস্থাপনা থাকতে পারে। জরিপ করে দেখা গেছে, ৫৫ শতাংশ মানুষ অনলাইনে যেতে চায়। তবে পুরোপুরি অনলাইন আনসেশ্যল হয়ে যাবে। বিশেষ করে মেট্রোপলিটন এলাকার স্কুলের ক্ষেত্রে আপাতত এ বিষয়টি ভাবা হচ্ছে।’

মন্ত্রণালয়ের প্রস্তাবিত খসড়া অনুযায়ী, বিশ্ববিদ্যালয় বাদে মহানগরের স্কুল-কলেজগুলোতে সপ্তাহে ছয় দিনের মধ্যে তিন দিন সশরীর এবং তিন দিন অনলাইনে শিক্ষা কার্যক্রম চলবে। এই পরিকল্পনার একটি বিশেষ দিক হলো ‘অল্টারনেটিভ ডে’ মডেল— অর্থাৎ একদিন ছাত্রছাত্রীরা স্কুলে আসবে, পরের দিন ঘরে বসে অনলাইনে ক্লাস করবে। তবে শিক্ষক ও কর্মচারীদের জন্য কোনো শিথিলতা নেই; অনলাইনে পাঠদানের সময়ও তাদের সশরীর প্রতিষ্ঠানে উপস্থিত থাকতে হবে। এছাড়া বিজ্ঞানের শিক্ষার্থীদের জন্য গুরুত্বপূর্ণ ব্যবহারিক ক্লাসগুলো শুধুমাত্র সশরীরেই করার প্রস্তাব রাখা হয়েছে।